



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর-বিঅ-৬/৬৫৬৩/৩৬৪

তারিখ : ১১-০৬-২০২৩ খ্রি.

বিষয় : এডহক কমিটি গঠনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : (ক) প্রধান শিক্ষকের ১৫-১১-২০২২ খ্রি. তারিখের অনলাইনে আবেদন (আইডি নং-১৯২৬১)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার কালিয়া উপজেলাধীন যোগানিয়া, ডি, এন মাধ্যমিক বিদ্যালয়ে কমিটি সংক্রান্ত বিষয়ে যুগ্ম জেলা জজ আদালত, নড়াইল এ দেওয়ানী-৫৬/২০২২ নং মোকদ্দমা দায়ের হয় এবং বাদীর অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্তের প্রেক্ষিতে বিজ্ঞ আদালত বিবাদী পক্ষের উপর কারণ দর্শানোর আদেশ প্রদান করেন এবং গত ০৩-০১-২০২৩ খ্রি. তারিখের ১৩ নং আদেশে বাদী পক্ষের অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত না মঞ্জুর করেন। বাদী পক্ষ উক্ত আদেশের বিরুদ্ধে ১৬-০৩-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত আপীল করেন নাই মর্মে সেরেস্টাদার সহকারী জজ আদালত, কালিয়া, নড়াইল কর্তৃক প্রদত্ত তথ্যে দেখা যায়। এমতাবস্থায়, বর্ণিত বিদ্যালয়ে পরবর্তী ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গর্ভনিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৯ অনুসারে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হলো। আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধিমোতাবেক এডহক কমিটি গঠন করে অনুমোদনের জন্য সোনালী সেবার মাধ্যমে বোর্ড তহবিলে ৩,০০০/- (তিন হাজার) টাকা ফিস এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রধান শিক্ষক  
যোগানিয়া, ডি, এন মাধ্যমিক বিদ্যালয় (১১৮৩৬১)  
নড়াগাতী, কালিয়া, নড়াইল

স্বঃ  
(মোঃ সিরাজুল ইসলাম)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
ফোন নম্বর-০২৪৭৭৭৬২৭০৫

স্মারক নম্বর-বিঅ-৬/৬৫৬৩/৩৬৪(১-৫)  
অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

তারিখ : ১১-০৬-২০২৩ খ্রি.

- ১। জেলা প্রশাসক, নড়াইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল।
- ৩। জেলা শিক্ষা অফিসার, নড়াইল।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল।
- ৫। অফিস কপি।

স্বঃ  
২১/৬/২৩  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

স্বঃ  
২১/৬/২৩